



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২১/৬৯

০৬ জুন ২০২১ইং

সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত মহামারির সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকার পূর্বের সকল বিধি-নিষেধসহ নতুন কয়েকটি বিধি-নিষেধ সম্বলিত নির্দেশনা আরোপের সময়সীমা আগামী ০৬ জুন ২০২১ইং তারিখ মধ্যরাত হতে ১৬ জুন ২০২১ইং তারিখ মধ্যরাত পর্যন্ত বর্ধিত করেছে। এ প্রসঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনার কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান

মহা-সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৬১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮
০৬ জুন ২০২১


বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ।

সূত্র:	(১)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০,	তারিখ: ১২.০৪.২০২১
	(২)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪,	তারিখ: ১৩.০৪.২০২১
	(৩)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৬,	তারিখ: ২০.০৪.২০২১
	(৪)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৩৪,	তারিখ: ২৮.০৪.২০২১
	(৫)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১,	তারিখ: ০৫.০৫.২০২১
	(৬)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫১,	তারিখ: ১৬.০৫.২০২১
	(৭)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৪,	তারিখ: ২৩.০৫.২০২১
	(৮)	মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৫৭,	তারিখ: ৩০.০৫.২০২১

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় সূত্রস্থ স্মারকসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত শর্তাবলী সংযুক্ত করে এ বিধি-নিষেধ আরোপের সময়সীমা ০৬ জুন ২০২১ তারিখ মধ্যরাত হতে ১৬ জুন ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত বর্ধিত করা হলো-

- (ক) সকল পর্যটনস্থল, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;
- (খ) জনসমাবেশ হয় এ ধরনের সামাজিক (বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি), রাজনৈতিক ও ধর্মীয় আচার অনুষ্ঠান বন্ধ রাখতে হবে;
- (গ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁসমূহ সকাল ০৬-০০ ঘটিকা হতে রাত ১০-০০ ঘটিকা পর্যন্ত খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করতে পারবে এবং আসন সংখ্যার অর্ধেক সেবাগ্রহীতাকে সেবা প্রদান করতে পারবে;
- (ঘ) কোভিড-১৯ এর উচ্চঝুঁকি সম্পন্ন জেলাসমূহের জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট কারিগরি কমিটির সঙ্গে আলোচনা করে স্ব-স্ব এলাকার সংক্রমণ প্রতিরোধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন; এবং
- (ঙ) আন্তঃজেলাসহ সব ধরনের গণপরিবহন আসন সংখ্যার অর্ধেক যাত্রী নিয়ে চলাচল করতে পারবে। তবে, অবশ্যই যাত্রীসহ সংশ্লিষ্ট সকলকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মানতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৬.০৬.২০২১
(মোঃ রেজাউল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫৫১১০৭

ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।